# সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রম

## সেবার নামঃ বিনিয়োগ হিসাব হতে তহবিল উত্তোলন

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)



**INVESTMENT CORPORATION OF BANGLADESH**

The Trend Setter in the Capital Market

**ভূমিকা :**

২০২১ সালে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হতে চলেছে। সে লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচীর মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন a2i কর্মসূচী জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার উদ্দেশ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নিয়ে সেবা পদ্ধতি সহজিকরণ (SPS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা-প্রথম পর্যায় শীর্ষক কর্মশালার আয়োজন করে। ০৫-০৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় আইসিবি'র নিম্নোক্ত কর্মকর্তাগণ অংশগ্রহণ করে আইসিবি'র বিনিয়োগ হিসাব হতে তহবিল উত্তোলন সেবাটি সহজিকরণ করার কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন সূচি প্রণয়ন করেন:

১. জনাব মোঃ রিফাত হাসান, মহাব্যবস্থাপক;
২. জনাব মোঃ মাসুদুল হাসান, সহকারী মহাব্যবস্থাপক;
৩. জনাব মোঃ মাহবুব হাসান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার;
৪. জনাব ধনঞ্জয় কুমার মজুমদার, সিনিয়র প্রিন্সিপাল অফিসার।

সেবাটি সহজিকরণের ফলে বিনিয়োগকারীগণ পূর্বের তুলনায় অপেক্ষাকৃত কম সময়ে বিনিয়োগ হিসাব হতে তহবিল উত্তোলন করছেন। এর ফলে সামগ্রিক দৃষ্টিতে গ্রাহক সেবা দ্রুততর হবে ব্যয় হ্রাস পাবে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে।

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (হুইএফ)

| নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১.০০ | পটভূমি | ০১ |
| ১.০১ | উদ্দেশ্য | ০১ |
| ১.০২ | ব্যবসায় সংক্রান্ত নীতি | ০১ |
| ১.০৩ | কার্যাবলী | ০১ |
| ২.০০ | ইনভেস্টরস্ স্কিম | ০২ |
| ২.০১ | আইসিবি-র ইনভেস্টরস্ স্কিমের আওতায় পরিচালিত বিনিয়োগ হিসাবসমূহে বিএসইসি এর বিধি অনুযায়ী মার্জিন ঋণ প্রদান করা হয়। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখা হয় | ০২ |
| ৩.০০ | বিনিয়োগ হিসাব হতে অর্থ উত্তোলন | ০৩ |
| | সেবার প্রাথমিক ধারণা | ০৩ |
| | সংক্ষেপে সেবা সংক্রান্ত তথ্যাবলী | ০৪ |
| | মৌলিক তথ্যাবলীর ছক পূরণ | ০৪ |
| | বিদ্যমান পদ্ধতির ধাপসমূহ | ০৫ |
| | সেবার বিদ্যমান প্রসেস ম্যাপ | ০৬ |
| | বর্তমান পদ্ধতির সমস্যাসমূহ | ০৭ |
| | সমস্যা সমাধানের প্রস্তাবনা ও সুফল-এসপিএস (প্রথম প্রস্তাব) | ০৭ |
| | প্রস্তাবিত সেবার প্রসেস ম্যাপ-এসপিএস ম্যাপ | ০৯ |
| | তুলনামূলক বিশ্লেষণ | ১০ |
| | TCV (Time, Cost & Visit)অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা | ১১ |
| | এসপিএস বাস্তবায়ন কর্মপরিকল্পনা | ১২ |
| | এসপিএস বাস্তবায়নে প্রসেস খরচ নির্ধারণ প্রক্রিয়া | ১৩ |


মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

## আইসিবি-র ইতিবৃত্ত

**১.০০ পটভূমি:**

দেশের অর্থনৈতিক নীতিমালায় দ্রুত কার্যকরী পরিবর্তনের প্রেক্ষাপটে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালের ১ অক্টোবর তারিখে ''দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬'' (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ) বলে প্রতিষ্ঠিত হয়। দেশের দ্রুত শিল্পায়নে এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে আইসিবির প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোম্পানিসমূহের মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধি ও জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রয়াসে আইসিবি অবিচ্ছেদ্য এবং নির্ভরযোগ্য ভূমিকা রাখে। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবির ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার সাধিত হয়েছে। বর্তমানে কর্পোরেশন ''ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪'' অনুযায়ী পরিচালিত হচ্ছে।

**১.০১ উদ্দেশ্য:**

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান
- পুঁজিবাজার উন্নয়ন
- সঞ্চয় সংগ্রহ এবং
- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান

**১.০২ ব্যবসায় সংক্রান্ত নীতি:**

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- কারিগরি, আর্থিক ও বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান;
- এককভাবে অথবা ব্যাংকসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পে ইক্যুইটি ও ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- দেশে উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ;
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

**১.০৩ কার্যাবলী:**

- প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয় ও বিক্রয়
- এককভাবে এবং সিন্ডিকেট গঠনের মাধ্যমে লিজ অর্থায়ন
- বিদ্যমান বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা
- বিদ্যমান মিউচ্যুয়াল ফান্ডসমূহ ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা
- বিদ্যমান ব্যবসাসমূহের পোর্টফোলিও ব্যবস্থাপনা এবং সিকিউরিটিজ ক্রয় বিক্রয়ে অংশগ্রহণ
- আইসিবি ইউনিট, বাংলাদেশ ফান্ড ও মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট এবং আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

- ব্যাংক গ্যারান্টি প্রদান
- ট্রাস্টি ও কাস্টোডিয়ান হিসেবে দায়িত্ব পালন
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ
- বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসা উদ্ভাবন
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম
- ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন
- মার্জার, একুইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রমে সহায়তা প্রদান
- ইক্যুইটি এন্ড এন্ট্রাপ্রেনরশিপ ফান্ড (ইইএফ) এবং বিভিন্ন সময়ে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা
- হোল্ডিং কোম্পানি হিসেবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম তত্ত্বাবধান
- রাষ্ট্রমালিকানাধীন প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ

**২.০০ ইনভেস্টরস্ স্কিম:**

আইসিবি প্রতিষ্ঠার মূলনীতি বাস্তবায়ন তথা পুঁজিবাজার উন্নয়ন এবং বিনিয়োগ ক্ষেত্র সম্প্রসারনের লক্ষ্যে আইসিবি প্রতিষ্ঠার অব্যবহিত পরেই ১৯৭৭ সালে চালু হয় আইসিবি ইনভেস্টরস্ স্কিম যা অদ্যাবধি চলমান রয়েছে। নীতিগত সংস্কারের কারণে আইসিবি নতুন বিনিয়োগ হিসাব খোলা বন্ধ রাখলেও আইসিবির সাবসিডিয়ারী কোম্পানি আইসিএমএল ০১ জুলাই, ২০০২ তারিখ হতে বিনিয়োগ হিসাব খোলা ও পরিচালনা করে আসছে। তবে আইসিবি তার বিদ্যমান হিসাবসমূহ পরিচালনা অব্যাহত রেখেছে। আইসিবির প্রধান কার্যালয় ছাড়াও ঢাকা লোকাল অফিস, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, এবং বগুড়ায় অবস্থিত ৭টি শাখা অফিসের মাধ্যমে বিনিয়োগ হিসাবসমূহ পরিচালিত হচ্ছে। এই স্কিমের অধীনে বর্তমানে বিনিয়োগ হিসাবের সংখ্যা প্রায় ৪০,৫৮২ টি।

**২.০১ আইসিবি-র ইনভেস্টরস্ স্কিমের আওতায় পরিচালিত বিনিয়োগ হিসাবসমূহে বিএসইসি এর বিধি অনুযায়ী মার্জিন ঋণ প্রদান করা হয়। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখা হয়:**

- বিনিয়োগ নিরাপত্তা
- সিকিউরিটির ফান্ডামেন্টালস্ /মৌলিক বিষয়
- সিকিউরিটির তারল্য/বিপনন যোগ্যতা
- যুক্তিসঙ্গত আয়
- মূলধন প্রবৃদ্ধি
- ঝুঁকির উপাদানসমূহ
- করারোপের প্রভাব

আইসিবি ২০১১-১২ অর্থ বছরে সরকার ঘোষিত বিশেষ স্কিমের আওতায় ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র বিনিয়োগকারীদের সুদ মওকুফ কার্যক্রম অব্যহত রেখেছে।

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

## ৩.০০ বিনিয়োগ হিসাব হতে অর্থ উত্তোলন:

### সেবার প্রাথমিক ধারণা

আইসিবি-র বিনিয়োগ হিসাব ম্যানুয়াল অনুযায়ী বিনিয়োগ হিসাব হতে তহবিল উত্তোলনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হয়:

**৩.০১** কোন একটি চালু হিসাব থেকে তহবিল স্থানান্তর/উত্তোলনের সময় উক্ত হিসাবে ন্যূনতম ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা নগদ তহবিল বা সম-মূল্যের (বাজার মূল্যের মধ্যে যে দর কম সেই দরে) সিকিউরিটিজ অথবা সিকিউরিটিজ ও নগদ তহবিল উভয় মিলে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার সম্পদ সংরক্ষণ করে শুধুমাত্র clear ক্রেডিট ব্যালেন্স থাকা সাপেক্ষে তহবিল উত্তোলন/স্থানান্তর করা যাবে।

**৩.০২** কোন বিনিয়োগ হিসাবধারী তাঁর দ্বারা পরিচালিত বিনিয়োগ হিসাব ছাড়া অন্য কোন বিনিয়োগ হিসাব হতে তহবিল উত্তোলন করতে পারবেন না।

**৩.০৩** গ্রাহক সেবার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা বিনিয়োগ হিসাবধারী কিংবা তাঁর অনুমোদিত পরিচালনাকারীর নিকট হতে তহবিল স্থানান্তর/উত্তোলনের আবেদনপত্র গ্রহণকরতঃ উক্ত আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার অংশ (Counter foil) আবেদনকারীকে প্রদান করবেন। এরপর সংশ্লিষ্ট কর্মকর্তা স্বাক্ষর যাচাইয়ের জন্য তহবিল স্থানান্তর/উত্তোলনের আবেদনপত্রটি নির্ধারিত কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

**৩.০৪** নির্ধারিত কর্মকর্তা বিনিয়োগ হিসাবধারী কিংবা তাঁর অনুমোদিত পরিচালনাকারীর স্বাক্ষর যাচাই করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

**৩.০৫** পরবর্তীতে সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত বিনিয়োগ হিসাবের আর্থিক জের এর অবস্থান যাচাই করবেন। এরপর কর্পোরেশন কর্তৃক অনুমোদিত নতুন কম্পিউটারাইজেশন এর ফ্লো-চার্ট অনুযায়ী কার্যাবলী সম্পাদিত হবে।

**৩.০৬** সংশ্লিষ্ট কর্মকর্তা চূড়ান্ত অনুমোদনের জন্য বিভাগীয় প্রধানের নিকট পেশ করবেন। বিভাগীয় প্রধান/উপ-মহাব্যবস্থাপক তা যাচাইপূর্বক নিরীক্ষা ও পদ্ধতি বিভাগে প্রেরণ করবেন। নিরীক্ষা ও পদ্ধতি বিভাগ নিরীক্ষা করে তা ইনভেস্টরস বিভাগে প্রেরণ করবেন। ইনভেস্টরস বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা তহবিল উত্তোলনের আবেদন অনুযায়ী একাউন্ট পেয়ী চেক প্রস্তুত করার জন্য আবেদনপত্রটি কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণ করবেন। তহবিল স্থানান্তরের ক্ষেত্রে ভাউচার তৈরীর জন্য ইনভেস্টরস বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৩.০৭** আবেদনকৃত উত্তোলনীয় অর্থ ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত বিভাগীয় প্রধান, উপ-মহাব্যবস্থাপক ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) এবং তার উর্ধ্বে হলে মহাব্যবস্থাপক মহোদয় তা অনুমোদন করবেন। তহবিল স্থানান্তরের ক্ষেত্রে সহকারী মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান আবেদনকৃত স্থানান্তরযোগ্য যে কোন অংকের অর্থ অনুমোদন করবেন।

**৩.০৮** কোন নির্দেশ না থাকলে যৌথ হিসাবের ক্ষেত্রে মুখ্য আবেনকারীর বরাবর একাউন্ট পেয়ী চেক ইস্যু করা হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা তহবিল উত্তোলন রেজিস্টারে চেক নম্বর ও টাকার পরিমান লিপিবদ্ধ করে বিনিয়োগ হিসাবধারী অথবা তাঁর অনুমোদিত ব্যক্তির স্বাক্ষর গ্রহণের পর একাউন্ট পেয়ী চেক ডেলিভারী দিবেন।

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

৩.০৯ তহবিল উত্তোলনের আবেদনের বিপরীতে কেন্দ্রীয় হিসাব বিভাগ হতে প্রাপ্ত বিনিয়োগ হিসাবধারীকে প্রদানযোগ্য একাউন্ট পেয়ী চেকে উল্লেখিত তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে আবেদনকারী গ্রহণ না করলে ইনভেস্টরস্ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় রেকর্ড সংরক্ষণপূর্বক তহবিল উত্তোলনের আবেদন বাতিল করে বাতিল আবেদনটি নিজ দায়িত্বে রেখে বিভাগীয় প্রধানের মাধ্যমে চেকটি কেন্দ্রীয় হিসাব বিভাগে ফেরত পাঠাবেন।

৩.১০ শাখার ক্ষেত্রে প্রয়োজনীয় সকল কার্যাদি ও আনুষ্ঠানিকতা সম্পাদন করে শাখা প্রধান তহবিল স্থানান্তর/উত্তোলনের অনুমোদন করবেন।

**সংক্ষেপে সেবা সংক্রান্ত তথ্যাবলী:**

- সেবা প্রাপ্তির স্থান- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।
- উপকারভোগী- বিনিয়োগ হিসাবধারীগণ।
- কতজন- ৪০,৫৮২ জন বিনিয়োগ হিসাবধারী (সম্ভাব্য)।

**মৌলিক তথ্যাবলীর ছক পূরণ**

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ | সহকারী মহাব্যবস্থাপক<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার<br>প্রিন্সিপাল অফিসার<br>সিনিয়র অফিসার | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা। | ০৪ দিন |
| সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ | কর্পোরেশনের ইনভেস্টরস স্কীমের আওতায় প্রায় ৪০,৫৮২ বিনিয়োগ হিসাবধারী আছেন। তারা এই বিনিয়োগ হিসাবের মাধ্যমে পুঁজিবাজারে তালিকাভূক্ত সিকিউরিটিজ ক্রয়/বিক্রয় করে থাকে। এর মাধ্যমে প্রাপ্ত লভ্যাংশ এবং মুনাফা থেকে অর্জিত আয় বিনিয়োগকারীগণ প্রয়োজনানুসারে নিয়মিত উত্তোলন করে থাকেন। ইনভেস্টরস ডিপার্টমেন্ট-এর কর্মকর্তাগণ তহবিল উত্তোলনের আবেদনের প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে বিনিয়োগকারীকে অ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে প্রদান করে থাকে। বিদ্যমান পদ্ধতিতে সাধারণতঃ উক্ত সেবা প্রদান করতে ৪(চার) দিন সময় লাগে এবং বিনিয়োগকারীকে কমপক্ষে দুই দিন আসতে হয়। | | |
| সেবা প্রপ্তির শর্তাবলি | বিনিয়োগ হিসাব থেকে তহবিল স্থানান্তর/উত্তোলনের সময় উক্ত হিসাবে ন্যূনতম ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা নগদ তহবিল বা সম-মূল্যের (বাজার মূল্যের মধ্যে যে দর কম সেই দরে) সিকিউরিটিজ অথবা সিকিউরিটিজ ও নগদ তহবিল উভয় মিলে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার সম্পদ সংরক্ষণ করে শুধুমাত্র Clear ক্রেডিট ব্যালেন্স থাকা সাপেক্ষে তহবিল উত্তোলন/স্থানান্তর করা যাবে। | | |
| প্রয়োজনীয় কাগজপত্র | তহবিল উত্তোলনের পূরণকৃত ফরম। | | |
| সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা | আইসিবি'র বিনিয়োগ হিসাব ম্যানুয়াল। | | |
| নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী উর্ধ্বতন কর্মকর্তা | উপ-মহাব্যবস্থাপক, মার্চেন্ডাইজিং ডিভিশন। | | |

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (হুইএফ)

**বিদ্যমান পদ্ধতির ধাপসমূহ:**

১. বিনিয়োগকারী নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট অফিসারকে (এসও/পিও) প্রদান।

২. স্বাক্ষর যাচাই করার নিমিত্ত এসপিও-কে প্রদান।

স্বাক্ষর যাচাই।

৩. উত্তোলন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সন্নিবেশিত করার জন্য সংশ্লিষ্ট অফিসারকে প্রদান।

৪. সংশ্লিষ্ট অফিসার উত্তোলন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সন্নিবেশিত করতঃ স্বাক্ষর করে এসপিওকে প্রদান।

৫. দাখিলকৃত ফরম এসপিও কর্তৃক পুনঃপরীক্ষণ।

৬. নিরীক্ষার প্রস্তাব এজিএম বরাবর উপস্থাপনের জন্য এজিএম/আইডিকে প্রদান।

৭. নিরীক্ষার কাজ সম্পাদনের জন্য এজিএম-অডিটকে অনুরোধ।

৮. নিরীক্ষণের জন্য সংশ্লিষ্ট অফিসারকে প্রদান।

৯. নিরীক্ষা সম্পন্ন পরবর্তী প্রস্তাব গ্রহণের জন্য এজিএম-অডিট বরাবর উপস্থাপন।

১০. নিরীক্ষা ছাড়পত্র প্রদান করে এজিএম-আইডি এর দপ্তরে প্রেরণ।

১১. সহকারী মহাব্যবস্থাপক-আইডি এর অনুমোদন--৫.০০ লক্ষ টাকা পর্যন্ত।

১২. উপ-মহাব্যবস্থাপক এর অনুমোদন--১০.০০ লক্ষ টাকা পর্যন্ত।

১৩. মহাব্যবস্থাপক এর অনুমোদন---১০.০০ লক্ষ টাকার অধিক।

১৪. প্রতিবেদন প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট অফিসারকে প্রদান।

১৫. সংশ্লিষ্ট অফিসার কর্তৃক প্রতিবেদন প্রস্তুত করে এজিএম-আইডিকে প্রদান।

১৬. চেক প্রস্তুতকরণের জন্য এজিএম- একাউন্টসকে প্রদান।


১৭. চেক প্রস্তুত করণের জন্য এজিএম- একাউন্টস কর্তৃক সংশ্লিষ্ট অফিসারকে প্রদান।

১৮. চেক প্রস্তুত ও স্বাক্ষরান্তে আইডি এর সংশ্লিষ্ট অফিসারের নিকট প্রেরণ।

১৯. চেক রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করে বিনিয়োগকারীকে প্রদান।

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

# বিদ্যমান সেবার প্রসেস ম্যাপ



**বর্তমান পদ্ধতির সমস্যাসমূহঃ**

১. বিনিয়োগকারীগণ কে তহবিল উত্তোলনের নিমিত্ত অফিসে এসে তহবিল উত্তোলন ফরম সংগ্রহ করতে হয়। যদি বিনিয়োগকারী নিজে না আসেন তাহলে বাহক মারফত ফরম সংগ্রহের ক্ষেত্রে বিনিয়োগকারীর সময় ক্ষেপন হচ্ছে.যা একটি নাগরিক সমস্যা।

২. বিনিয়োগকারীদের সেবা প্রদানের ক্ষেত্রে বিনিয়োগ হিসাব সংশ্লিষ্ট অফিসারদের মধ্যে হিসাব নির্দিষ্ট করে দেওয়া একটি পদ্ধতিগত সমস্যা।

৩. নিরীক্ষা ছাড়পত্র গ্রহণের জন্য যথেষ্ট সময় ক্ষেপন হচ্ছে। কারণ অডিট ডিপার্টমেন্ট অন্য একটি ভবনে অবস্থিত।

৪. তহবিল উত্তোলনের অনুমোদনের আর্থিক ক্ষমতা সংক্রান্ত সীমার কারণে সময় ক্ষেপন হচ্ছে।

৫. একাউন্টস ডিপার্টমেন্ট হতে চেক প্রস্তুত ও গ্রহণে সময় ক্ষেপন হচ্ছে।

৬. বিনিয়োগকারীকে তার চেক গ্রহণের পর ব্যাংকে জমা প্রদান করতে হয়, যা একটি নাগরিক সমস্যা।

**সমস্যা সমাধানের প্রস্তাবনা ও সুফল-এসপিএস (প্রথম প্রস্তাব)**

১. তহবিল উত্তোলনের ফরম বিনিয়োগকারী কর্তৃক সহজে পাওয়ার জন্য আইসিবির ওয়েব সাইটে প্রকাশ করা। যার কারণে একজন বিনিয়োগকারীকে অফিসে এসে ফরম সংগ্রহ করার প্রয়োজন হবে না। বিনিয়োগকারী ওয়েব সাইট হতে ফরম ডাউনলোডের মাধ্যমে সংগ্রহ করতে পারবেন।

সুফলঃ ক. বিনিয়োগকারীর সময় কম লাগবে।

খ. খরচ কম হবে।

গ. ভিজিট কম হবে।

২. বিনিয়োগকারীদের সেবা প্রদানের ক্ষেত্রে বিনিয়োগ হিসাবের কোন নির্দিষ্ট সীমা থাকবেনা,যার ফলে একজন বিনিয়োগকারী যে কোন অফিসারের নিকট হতে সেবা গ্রহণ করতে পারবে।

সুফলঃ এর ফলে বিনিয়োগকারীর কম সময় ক্ষেপন হবে।

৩. নিরীক্ষা কার্য **সম্পাদনের নিমিত্ত অডিট ডিপার্টমেন্ট এর একজন দায়িত্বশীল অফিসার** ইনভেষ্টরস ডিপার্টমেন্ট এ অবস্থান করে নিরীক্ষার কাজ সম্পাদন করবে।

সুফলঃ এর মাধ্যমে কম সময় ক্ষেপন হবে।

৪. ইনভেষ্টরস ডিপার্টমেন্ট এর বিভাগীয় প্রধান কে তহবিল উত্তোলনের অনুমোদন ক্ষমতা (যেমন সহকারী মহাব্যবস্থাপক -৫.০০ লক্ষ, উপ-মহাব্যবস্থাপক-১০.০০ লক্ষ এবং মহাব্যবস্থাপক – ১০.০০ লক্ষ টাকার অধিক) ২০.০০ লক্ষ টাকা করা যেতে পারে।

সুফলঃ ক. সময় কম ক্ষেপন হবে।

খ. ধাপ কমবে।

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

৫. একাউন্টস ডিপার্টমেন্ট কর্তৃক চেক হাতে লিখে প্রস্তুত করার পরিবর্তে কম্পিউটারে টাইপ করে প্রিন্ট করা যেতে পারে। এতে একজন বিনিয়োগকারীর নাম ও একাউন্ট নাম্বার এবং ব্যাংকের নাম কম্পিউটারে লিপিবদ্ধ থাকবে। ফলে একই বিনিয়োগকারীর চেক বারবার হাতে লিখতে হবেনা।

সুফলঃ এর ফলে সময় ক্ষেপন কম হবে।

৬. বিনিয়োগকারীকে তাঁর তহবিল উত্তোলনের জন্য চেক না দিয়ে বিইএফটিএন এর মাধ্যমে সরাসরি উত্তোলনকৃত অর্থ বিনিয়োগকারীর ব্যাংক হিসাবে প্রেরণ করা যেতে পারে।

সুফলঃ ক. বিনিয়োগকারীর সময় কম লাগবে।


খ. খরচ কম হবে।

গ. ভিজিট কম হবে।

ঘ. সেবা প্রক্রিয়ার ধাপ কমবে।

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

# প্রস্তাবিত সেবার প্রসেস ম্যাপ-এসপিএস ম্যাপ



# তুলনামূলক বিশ্লেষণ

**বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা**

| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | বিনিয়োগকারী নির্ধারিত উত্তোলন ফরম যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট অফিসারকে (এসও/পিও) প্রদান। | ১ | বিনিয়োগকারীর ওয়েবসাইট হতে ফরম সংগ্রহ<br>একজন ফ্রন্ট ডেস্ক অফিসার এর নিকট ফরম জমাকরণ এবং প্রয়োজনীয় যাচাইকরণ |
| ২ | স্বাক্ষর যাচাই করার নিমিত্ত এসপিও-কে প্রদান<br>স্বাক্ষর যাচাই | ২ | স্বাক্ষর ও স্থিতিযাচাই |
| ৩ | উত্তোলন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সন্নিবেশিত করার জন্য সংশ্লিষ্ট অফিসারকে প্রদান | ৩ | নিরীক্ষা ছাড়পত্রের জন্য পেশকরণ |
| ৪ | সংশ্লিষ্ট অফিসার উত্তোলন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সন্নিবেশিত করতঃ স্বাক্ষর করে এসপিওকে প্রদান | ৪ | অনুমোদনের জন্য এজিএম-আইডি /বিভাগীয় প্রধানের নিকট পেশ |
| ৫ | দাখিলকৃত ফরম এসপিও কর্তৃক পুনঃপরীক্ষণ | ৫ | চেক প্রস্তুতির জন্য এজিএম-একাউন্টস এর নিকট প্রেরণ |
| ৬ | নিরীক্ষার প্রস্তাব এজিএম বরাবর উপস্থাপনের জন্য এজিএম/আইডিকে প্রদান | ৬ | চেক প্রস্তুতকরণের জন্য এজিএম - একাউন্টস কর্তৃক সংশ্লিষ্ট অফিসারকে প্রদান/বিইএফটিএন এর মাধ্যমে বিনিয়োগকারীর ব্যাংক হিসাবে প্রেরণ |
| ৭ | নিরীক্ষার কাজ সম্পাদনের জন্য এজিএম-অডিটকে অনুরোধ | ৭ | চেক প্রস্তুত ও স্বাক্ষরান্তে আইডি এর সংশ্লিষ্ট অফিসারের নিকট প্রেরণ |
| ৮ | নিরীক্ষণের জন্য সংশ্লিষ্ট অফিসারকে প্রদান | ৮ | চেক রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করে বিনিয়োগকারীকে প্রদান |
| ৯ | নিরীক্ষা সম্পন্ন পরবর্তী প্রস্তাব গ্রহণের জন্য এজিএম-অডিট বরাবর উপস্থাপন | | |
| ১০ | নিরীক্ষা ছাড়পত্র প্রদান করে এজিএম-আইডি-এর দপ্তরে প্রেরণ | | |
| ১১ | সহকারী মহাব্যবস্থাপক-আইডি এর অনুমোদন-- ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত | | |
| ১২ | উপ-মহাব্যবস্থাপক এর অনুমোদন-- ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত | | |



মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

| | | | |
|---|---|---|---|
| ১৩ | মহাব্যবস্থাপক এর অনুমোদন---<br>১০.০০ লক্ষ টাকার অধিক। | | |
| ১৪ | প্রতিবেদন প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট অফিসারকে প্রদান | | |
| ১৫ | সংশ্লিষ্ট অফিসার কর্তৃক প্রতিবেদন প্রস্তুত করে এজিএম-আইডিকে প্রদান | | |
| ১৬ | চেক প্রস্তুতকরণের জন্য এজিএম – একাউন্টসকে প্রদান | | |
| ১৭ | চেক প্রস্তুত করণের জন্য এজিএম – একাউন্টস কর্তৃক সংশ্লিষ্ট অফিসারকে প্রদান | | |
| ১৮ | চেক প্রস্তুত ও স্বাক্ষরান্তে আইডি এর সংশ্লিষ্ট অফিসারের নিকট প্রেরণ | | |
| ১৯ | চেক রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করে বিনিয়োগকারীকে প্রদান | | |

## TCV (Time, Cost & Visit)অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময়(Time) | ০৪ দিন | ০১ দিন |
| খরচ (Cost) | সর্ব মোট খরচ-৬৯৬৩ টাকা<br>বিনিয়োগকারীর খরচ-১০০০ টাকা | সর্বমোট খরচ-১৫৪৬ টাকা<br>বিনিয়োগকারীর খরচ-৫০০ টাকা |
| ভিজিট (Visit) | ০৩ দিন | ০১ দিন |
| ধাপ (Steps) | ১৯টি | ০৮টি |
| জনবল (HR) | ১০ জন | ০৫ জন |
| সেবা প্রপ্তির স্থান | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর প্রধান কার্যালয় | আইসিবি ও এর সকল শাখা |
| দাখিলীয় কাগজপত্র | পূরণকৃত তহবিল উত্তোলন ফরম | অনলাইনে ফরমপূরণ |

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ

**এসপিএস বাস্তবায়ন কর্মপরিকল্পনা**

| ক্রমিক নং | বিষয় | সম্ভাব্য তারিখ |
|---|---|---|
| ০১. | বিনিয়োগকারীদেরকে সেবাপ্রদানের ক্ষেত্রে ফ্রন্ট ডেস্ক কর্মকর্তাদের বিনিয়োগ হিসাবের রেন্জ প্রথা বিলুপ্ত করতে হবে। যা প্রশিক্ষণ গ্রহণকারী টিমের সাথে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের আলোচনার মাধ্যমে বিভাগীয় প্রধানের নির্দেশনাতে সম্ভব। | ২০.০৯.২০১৬ |
| ০২. | বিদ্যমান তহবিল উত্তোলন সেবা পদ্ধতি সহজিকরণের জন্য মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/শাখা প্রধানদের মত বিনিময় সভার আয়োজন করা যেতে পারে। | ২৮.০৯.২০১৬ |
| ০৩. | তহবিল উত্তোলনের ফরমটি আইসিবির ওয়েবসাইটে প্রকাশসহ কম্পিউটারে অটোজেনারেট করতে হবে। | ০৬.১০.২০১৬ |
| ০৪. | সেন্ট্রাল একাউন্টস ডিপার্টমেন্ট কর্তৃক প্রস্তুতকৃত চেক হাতে না লিখে কম্পিউটারের মাধ্যমে মুদ্রণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১৯.১০.২০১৬ |
| ০৫. | অডিট ডিপার্টমেন্টের একজন কর্মকর্তাকে (পিও/এসপিও) নিরীক্ষার কাজ সম্পাদনের ক্ষমতা প্রদান করে প্রশাসনিক পরিপত্র জারি করাসহ উক্ত কর্মকর্তাকে সার্বক্ষণিক ইনভেস্টরস ডিপার্টমেন্টে নিয়োজিত করা যেতে পারে | ২৭.১০.২০১৬ |
| ০৬. | তহবিল উত্তোলনের ক্ষেত্রে ইনভেস্টরস ডিপার্টমেন্টের সহকারী মহাব্যবস্থাপকের আর্থিক ক্ষমতা ৫.০০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ২০.০০ লক্ষ টাকায় উন্নীত করার জন্য ডেলিগেশন অব পাওয়ারের সংশোধনী আনয়ন করতে হবে। কর্পোরেশনের পরিচালনা বোর্ডের অনুমোদনের মাধ্যমে এই সংশোধনী আনতে হবে। | ২৯.১২.২০১৬ |

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

## এসপিএস বাস্তবায়নে প্রসেস খরচ নির্ধারণ প্রক্রিয়া

| ক্রমিক নং | কর্মকর্তাদের পদবী | কর্মকর্তাদের প্রতি মিনিটে আহরিত বেতন (টাকায়) | বিদ্যমান | এসপিএস | আরএসপিএস |
|---|---|---|---|---|---|
| ১ | এস/পিও | ৫.৫৫ | (৪ ঘন্টা) ১৩৩৩.০০ | (১.৩০ ঘন্টা) ৫০০.০০ | (৩০ মিনিট) ১৬৭.০০ |
| ২ | এসপিও | ৬.২৫ | ( ৪.১০ ঘন্টা) ১৫৩৭.০০ | (৪৫ মিনিট) ২৮১.০০ | (১৫ মিনিট) ৬৩.০০ |
| ৩ | এজিএম | ৬.৯৩ | (৩ ঘন্টা) ১২৫০.০০ | (১ ঘন্টা) ৪১৫.০০ | (১৫ মিনিট) ১০৪.০০ |
| ৪. | ডিজিএম | ৭.৬৩ | ( ৪৫ মিনিট) ৩৪৩.০০ | - | - |
| ৫. | জিএম | ৮.৩৩ | (১ ঘন্টা) ৫০০.০০ | - | - |
| | **মোট** | | **৪৯৬৩.০০** | **১১৯৬.০০** | **৩৩৪.০০** |
| | **অন্যান্য খরচ** | | **১৪০০.০০** | **৩৫০.০০** | **১০০.০০** |
| | **সর্বমোট** | | **৬৯৬৩.০০** | **১৫৪৬.০০** | **৪৩৪.০০** |
| | **বিনিয়োগকারীর খরচ** | | **১০০০.০০** | **৫০০.০০** | **২৫০.০০** |

মোঃ মাসুদুল হাসান
সহকারী মহাব্যবস্থাপক

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক (ইইএফ)

মোঃ ইফতিখার-উজ-জামান
ব্যবস্থাপনা পরিচালক
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
৮, ডিআইটি এভিনিউ, ঢাকা।